



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.৩৮

তারিখ: ১৫/০৭/২০২১খ্রি:

বিষয়: মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রদত্ত আ্যাসাইনমেন্ট গ্রিড অনুসরণ করে ১৪/০৬/২০২১ তারিখ থেকে প্রাপ্ত উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২২ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে আ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা মনিটরিং প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০, তারিখ-১৩/০৬/২০২১খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ১৩/০৬/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০ মোতাবেক 'উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২২ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে আ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা' শিরোনামে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। কোভিড-১৯ অতিমারিয়ার কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায়, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীরা নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ এবং তাদের শিক্ষা কার্যক্রম মূল্যায়ন করতে না পারায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে ২০২২ সালের ইচ্ছেসমি পরীক্ষার্থীরা যাতে শিখনফল নির্ভর শিক্ষা লাভ করতে পারে সে লক্ষ্যে শ্রেণি উপযোগী আ্যাসাইনমেন্টের মাধ্যমে তাদেরকে মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে। বর্ণিত নির্দেশনা পত্রের আলোকে মাঠ পর্যায়ে শিক্ষার্থীদের আ্যাসাইনমেন্ট এর কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে কি না তা এতদসঙ্গে সংযুক্ত ছক অনুযায়ী সরেজমিন মনিটরিং করা প্রয়োজন।

সে লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক পরিচালকগণ তাঁদের নিজ নিজ অঞ্চলের উচ্চ মাধ্যমিক কলেজসমূহ হতে ১৪/০৬/২০২১ তারিখ হতে ৩১/০৭/২০২১ তারিখ পর্যন্ত প্রথম চার (০৪) সপ্তাহের শিক্ষার্থীদের আ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমাদানের মোট সংখ্যা সারসংক্ষেপ আকারে সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত করে আগামী ০৫/০৮/২০২১ তারিখের মধ্যে মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং এর ই-মেইল- assignment.mew@gmail.com এ প্রেরণ নিশ্চিত করবেন। অনুরূপভাবে ০১/০৮/২০২১ তারিখ হতে ৩১/০৮/২০২১ তারিখ পর্যন্ত দ্বিতীয় চার (০৪) সপ্তাহের আ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমাদানের মোট সংখ্যা সারসংক্ষেপ আকারে সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত করে আগামী ০৫/০৯/২০২১ তারিখের মধ্যে একই ই-মেইল এ প্রেরণ নিশ্চিত করবেন।

উল্লেখ্য যে, কোভিড-১৯ অতিমারিয়ার কারণে লকডাউন চলাকালীন আঞ্চলিক পরিচালকগণ স্থানীয় প্রশাসন ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সাপেক্ষে শিক্ষার্থীদের নিকট থেকে কেত্র বিশেষে আ্যাসাইনমেন্ট জমার তারিখ পুনঃনির্ধারণ করতে পারবেন। যে সকল শিক্ষার্থী লকডাউনের কারণে যথাসময়ে আ্যাসাইনমেন্ট গ্রহণ করতে পারবেন তাদেরকে পরবর্তী সুবিধাজনক সময়ে প্রতিষ্ঠান প্রধানগণ আ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমার সুযোগ প্রদান করবেন। কোভিড-১৯ অতিমারিয়ার কারণে স্বাস্থ্যবিধিকে কোনক্রমেই উপক্ষে করা যাবেন।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক পরিচালকগণকে মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে বর্ণিত নির্দেশনা মোতাবেক তাঁদের নিজ নিজ অঞ্চলের উচ্চ মাধ্যমিক কলেজসমূহের উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২২ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে আ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনার প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক সারসংক্ষেপ বর্ণিত ই-মেইলে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জুরু।

সংযুক্তি: শিক্ষার্থীদের আ্যাসাইনমেন্ট মূল্যায়ন সংক্রান্ত তথ্য ছক (সার-সংক্ষেপ)

১৫.০৭.২০২১

(প্রফেসর মো: আমির হোসেন)

পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

তারিখ: ১৫/০৭/২০২১খ্রি:

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.৩৮

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। অধ্যক্ষ(সকল সরকারি ও বেসরকারি উচ্চ মাধ্যমিক কলেজ)
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর [প্রতি মাউশি'র ওয়েবসাইটে এবং মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান কর্মান্বয়ে প্রকাশের অনুরোধসহ]
- ৪। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৫। পিএটু পরিচালক, মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৬। সংরক্ষণ নথি।

১৫/০৭/২০২১

(লাইনুন নাহার)

সহকারী পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান উইং
শিক্ষা ভবন, ঢাকা
www.dshe.gov.bd



উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২২ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট মূল্যায়ন
সংক্রান্ত তথ্য ছক

| ক্রম | বিষয়বস্তু | মন্তব্য | | | | |
|---|---|--|---|--|--|---------|
| ১ | অঞ্চলের নাম : | | | | | |
| ২ | আঞ্চলিক পরিচালকের নাম: | | | | | |
| ৩ | ই-মেইল আইডি : | | | | | |
| ৪ | মুঠোফোন নম্বর : | | | | | |
| পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে নির্ধারিত অ্যাসাইনমেন্ট গ্রিড অনুসারে তথ্য: | | | | | | |
| ৫ | আওতাধীন উচ্চ মাধ্যমিক কলেজ সংখ্যা | ২০২২ সালে এইচ এসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে এমন মোট শিক্ষার্থীর সংখ্যা |সপ্তাহে অ্যাসাইনমেন্ট প্রাপ্তকারী শিক্ষার্থীর মোট সংখ্যা |সপ্তাহে অ্যাসাইনমেন্ট জমানকারী শিক্ষার্থীর মোট সংখ্যা |সপ্তাহে অ্যাসাইনমেন্ট জমা করেনি এমন শিক্ষার্থীর মোট সংখ্যা | মন্তব্য |

আঞ্চলিক পরিচালক মহোদয়ের স্বাক্ষর ও
তারিখ (সিলসহ)